ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৬১৮
তেলিয়ামুড়া, ৮ জুলাই, ২০২৫

**১১ জুলাই তেলিয়ামুড়ায় মেধা সংবর্ধনা অনুষ্ঠান**

তেলিয়ামুড়া পুর পরিষদ এবং তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে আগামী ১১ জুলাই ২০২৫ তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে অনুষ্ঠিত হবে মেধা সংবর্ধনা অনুষ্ঠান। অনুষ্ঠানে ২০২৫ সালের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় তেলিয়ামুড়া বিধানসভার অন্তর্গত যে সমস্ত ছাত্রছাত্রী কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছেন তাদের সংবর্ধনা জ্ঞাপন করা হবে। সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ত্রিপুরা বিধানসভার সরকারি মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট শিক্ষাবিদ, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য পদ্মশ্রী অরুনোদয় সাহা। এছাড়াও তেলিয়ামুড়া পুর পরিষদ, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানগণ উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার। উক্ত অনুষ্ঠানে তেলিয়ামুড়া বিধানসভার অন্তর্গত সমস্ত শিক্ষানুরাগী ব্যক্তিবর্গকে উপস্থিত থাকার জন্য তেলিয়ামুড়া পুর পরিষদের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

*****